# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**21 AUGUST 2025** **7:45—7:55 PM**

---------------------------------------------------------------------------------------------

(১) আই এন ডি আই'এর মিত্রজোটের পক্ষ থেকে উপ-রাষ্ট্রপতি পদের প্রার্থী হিসেবে সুপ্রীম কোর্টের প্রাক্তন বিচারপতি বি. সুদর্শন রেড্ডির আজ মনোনয়ন পত্র দাখিল/

(২) আসামের ১৮ বছরের বেশি বয়সের লোকেদের আগামী অক্টোবর মাস থেকে নতুন করে আধার কার্ড প্রদান করা হবেনা বলে রাজ্য মন্ত্রীসভার সিদ্ধান্ত/

(৩) কাছাড় জেলার চাশ্রমিকরা আগামী দশই সেপ্টেম্বরের মধ্যে দুর্গাপূজার বোনাস লাভ করবে বলে জেলা প্রশাসনের পক্ষ থেকে নির্দেশনা জারি/

এবং

(৪) জেলা ক্রীড়া সংস্থা- লক্ষীপুর আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা প্রাইজমানী স্মৃতি ফুটবল প্রতিযোগিতায় রাইজিং ক্লাব বিজয়ী ।

---------------------------------------------------------------------------------------------

আই এন ডি আই'এর মিত্রজোটের পক্ষ থেকে উপ-রাষ্ট্রপতি পদের প্রার্থী হিসেবে সুপ্রীম কোর্টের প্রাক্তন বিচারপতি বি. সুদর্শন রেড্ডি আজ সংসদ ভবনে তাঁর মনোনয়ন পত্র দাখিল করেছেন । মনোনয়ন পত্র দাখিলের সময় কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খার্গে, প্রবীণ কংগ্রেস নেত্রী সোনিয়া গান্ধী, এন সি পি নেতা শারদ পাওয়ার, সমাজবাদী পার্টির নেতা রামগোপাল যাদব, ডি এম কে নেতা তিরুচি শিওয়া এবং টি এম সি নেত্রী শতাব্দী রায় সহ মিত্রজোটের বেশকয়েকজন প্রবীণ নেতা উপস্থিত ছিলেন । মনোনয়ন পত্র দাখিলের পূর্বে শ্রী রেড্ডি সংসদ ভবনের প্রেরণাস্থলে জাতির পিতা মহাত্মা গান্ধীর প্রতিমূর্তিতে পুষ্পার্ঘ অর্পণ করেন । এছাড়া দেশের স্বাধীনতা আন্দোলনের বিশিষ্ট

নেতাদের প্রতিমূর্তিতেও শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয় । উল্লেখ্য- উপ-রাষ্ট্রপতি পদের নির্বাচনের মনোনয়ন পত্রসমূহ আগামীকাল পরীক্ষা করা হবে । মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন হচ্ছে- আগামী ২৫শে আগস্ট । আগামী নয়ই সেপ্টেম্বর উপ-রাষ্ট্রপতি পদে নির্বাচন অনুষ্ঠিত হবে ।

------------------------------------------------------------------------------------------

রাজ্যের ১৮ বছরের উর্দ্ধে ব্যাক্তিদের আগামী অক্টোবর মাস থেকে নতুন করে আধারকার্ড প্রদান করা হবে না ’। গৌহাটীর কইনাধরায় আয়োজিত মন্ত্রীসভার বৈঠকের শেষে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ এক সাংবাদিক সম্মেলনে একথা জানান । তবে অনুসূচিত জাতি, জনজাতি এবং চা জনগোষ্ঠীর লোকেদের এবছর এই নতুন নিয়মের আওতায় আনা হচ্ছে না বলে তিনি জানান । মূখ্যমন্ত্রী ড.শর্মা আধারকার্ড না থাকা লোকেদের আগামী মাসের মধ্যেই আবেদন করতে আহ্বান জানান । এরপর খুব প্রয়োজন হলে জনসাধারন জেলা আয়ুক্তের অনুমতি সাপেক্ষে আধারকার্ডের জন্য আবেদন করতে পারবে বলে তিনি জানান ।রাজ্যে অবৈধ বাংলাদেশী অনুপ্রবেশ রোধ করতে এই পদক্ষেপ নেওয়া হয়েছে বলে মূখ্যমন্ত্রী জানান । কোনো অনুপ্রবেশকারী যাতে আসামে আধারকার্ডের সুবিধা নিয়ে ভারতীয় নাগরিক হতে না পারে তারজন্য আসাম মন্ত্রীসভা এই সিদ্ধান্ত গ্রহণ করেছে ।

এদিকে সংকটের সময় ভূ-রাজনৈতিক পরিস্থিতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে বলে উল্লেখ করে মূখ্যমন্ত্রী বলেন যে চিকেন নেক অর্থাৎ উত্তর-পূর্বকে দেশের মূল ভূ-খন্ডের সঙ্গে সংযোগ করা উত্তর বংগের ঠেক অংশের আশে পাশের লোকেদের ভাবধারা পরিবর্তন করার জন্য বাংলাদেশ থেকে ষড়যন্ত্র চলছে । আগামী ২০ বছর আসামের জন্য জটিল সময় বলেও মূখ্যমন্ত্রী উল্লেখ করেন । মুখ্যমন্ত্রী বলেন----

------------------------------------------------------------------------------------------

প্রবীণ নাগরিকদের সুরক্ষা এবং স্বাস্থ্য রক্ষার ক্ষেত্রে সচেতনতা সৃষ্টির জন্য আজকের দিনটি বিশ্ব প্রবীণ নাগরিক দিবস হিসেবে উদযাপন করা হয়েছে । প্রবীণ নাগরিকদের ওপর করা আতিশয্যের ঘটনা রোধ করার ক্ষেত্রে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে এই দিবস উদযাপন করা হয় । এছাড়া সমাজের প্রতি প্রবীণদের অবদানকে এই দিবস পালনের মাধ্যমে স্বীকৃতি দেবার প্রয়াস করা হয় । কেন্দ্রীয় সরকার প্রবীণ নাগরিকদের সুবিধার্থে বিভিন্ন ব্যাবস্থা গ্রহণ করেছে । সামাজিক ন্যায় ও সবলীকরণ বিভাগের উদ্যোগে অটল ভায়ো অভ্যুদয় যোজনা ( অব্যয়ের ) অধীনে গৃহহীন প্রবীণ নাগরিকদের জন্য আশ্রয়গৃহ এবং স্মৃতিভংশ রোগে আক্রান্ত প্রবীণ নাগরিকদের যত্নের জন্য গৃহের ব্যবস্থা করা হয়েছে । এছাড়া রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলসমূহের সহযোগীতায় এই

লোকেদের শারিরীক ,মানসিক ,আবেগ বিষয়ক এবং আর্থিক সুরক্ষার প্রতি লক্ষ্য রেখে বিভিন্ন ব্যাবস্থা গ্রহণ করা হয়েছে ।
মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা এই দিবস উপলক্ষ্যে প্রবীণ নাগরিকদের সম্মান জানিয়েছেন । এ উপলক্ষ্যে এক বার্তায় মূখ্যমন্ত্রী প্রবীণ নাগরিকদের সমাজের বটবৃক্ষ বলে অভিহিত করেন । তিনি বলেন যে প্রবীণ নাগরিকদের জ্ঞান ,অভিজ্ঞতা ,পেআমর্শ জনসাধারণের জীবন সমৃদ্ধ করে তোলে এবং জীবন পথে এগিয়ে যাবর প্রেরণা যোগায় ।

---------------------------------------------------------------------------------

সুপ্রীম কোর্ট আজ বেওয়ারিশ কুকুরদের ধরে আশ্রয়গৃহে পাঠানো সম্পর্কে দিল্লি পৌরনিগমের জারি করা একটি বিজ্ঞপ্তিকে প্রত্যাহ্বান জানিয়ে দাখিল করা আবেদনের তাৎক্ষণিক শুনানি গ্রহণ করতে অস্বীকার করেছে । জনৈক আইনজীবি এই সম্পর্কে আবেদন দাখিল করেছেন বলে উল্লেখ করার পর দুই বিচারপতি জে কে মহেশ্বরী এবং বিজয় বিষ্ণৈ’কে নিয়ে গঠিত একটি বিচারপীঠ আজ বিষয়টির তাৎক্ষণিক শুনানি গ্রহণ করতে অস্বীকার করেছেন । গত ১৪ই আগস্ট সুপ্রীম কোর্ট বিষয়টি সম্পর্কে রায়দান সুরক্ষিত রাখার পরও দিল্লি পৌর নিগম বিজ্ঞপ্তি জারি করে বলে আবেদনে উল্লেখ করা হয়েছে । এর আগে গত ১১ই আগস্ট অন্য একটি বিচারপীঠ পৌর নিগম কর্তৃপক্ষকে দিল্লির বিভিন্ন প্রান্তের বেওয়ারিশ কুকুরগুলিকে আটক করে আট সপ্তাহের মধ্যে কমপক্ষে পাঁচ হাজার পশু রাখার উপযোগী আশ্রয়গৃহ নির্মাণ করার নির্দেশ দিয়েছিল ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলার চাশ্রমিকরা আগামী দশই সেপ্টেম্বরের মধ্যে দুর্গাপূজার বোনাস লাভ করবে বলে জেলা প্রশাসনের পক্ষ থেকে নির্দেশনা জারি করা হয়েছে । কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদবের নেতৃত্বে গতকাল অনুষ্ঠিত এক সভায় এই সংক্রান্ত নির্দেশ দেওয়া হয়েছে । জেলার চাবগান সমূহকে আগামী ৩১শে আগস্টের মধ্যে বোনাস ঘোষণা করতে হবে বলে জেলা প্রশাসনের পক্ষ থেকে নির্দেশ দেওয়া হয়েছে । এছাড়া ঘোষিত বোনাস গত বছরের তুলনায় কম হতে পারবেনা বলে জেলা আয়ুক্ত স্পষ্ট করে দিয়েছেন । চাশ্রমিকদের সময়মতো বোনাস পাওয়ার ক্ষেত্রে যাতে কোনো অসুবিধা না হয়, সেই বিষয়ে সকল পক্ষকে একযোগে কাজ করার জন্য তিনি আহ্বান জানিয়েছেন । জেলা আয়ুক্ত এই সভায় বোনাস বিতরণের পাশাপাশি আইন শৃঙ্খলা বজায় রাখতে প্রশাসন ও পুলিশকে বিশেষ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ দিয়েছেন । এই সভায় প্রশাসনের সঙ্গে পুলিশ, ব্যাংক, শ্রম বিভাগ এবং চাশ্রমিক সংগঠনের প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

আসাম বিশ্ববিদ্যালয়ের রাজভাষা কোষের উদ্যোগে আজ   বিশ্ববিদ্যালয়ে # প্রশাসন ও রাজভাষা হিন্দী # বিষয়ক একটি কর্মশালার আয়োজন করা হয় । বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য ডক্টর রাজীব মোহন পন্থ এই কর্মশালার উদ্বোধন করে বলেন যে রাজভাষা হিন্দী কেবল সাংবিধানিক দায়িত্বই নয় , এটি আমাদের সাংস্কৃতিক পরিচয়কেও শক্তিশালী করে । কর্মশালায় প্রধান বক্তা হিসেবে নরকাস শিলচরের সদস্য সচিব ডক্টর সৌরভ বর্মা - প্রশাসনে হিন্দী ,চ্যালেঞ্জ ও সমাধান বিষয়ের উপর আলোচনা করে । কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার ডক্টর প্রদোষ কিরন নাথ সহ বিভিন্ন বিভাগের কর্মীরা  অংশ গ্রহন করেন ।

-----------------------------------------------------------------------------------

গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের সিভিল সার্ভিস স্টাডি সেন্টার ,আসাম সরকারের স্টেট ইনোভেশন অ্যান্ড ট্রান্সফরমেশন আয়োগের সহযোগীতায় গতকাল বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে সিভিল সার্ভিস প্রার্থীদের দ্বিতীয় ব্যাচের জন্য একটি ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত  হয় । এতে গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিরঞ্জন রায় সহ এই বিশ্ববিদ্যালয়ের বেশকয়েকজন আধিকারিক ও কর্মচারী উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

ধোয়ারবন্দের দেবজিৎ রী হত্যাকান্ডের দোষীদের কঠোরতম শাস্তি প্রদানের দাবীতে আজ এস ইউ সি আই (কম্যুনিস্ট) দলের কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে জেলা আয়ুক্তের কাছে একটি স্মারকপত্র প্রদান করা হয়েছে । স্মারকপত্রে এধরণের ঘটনার পুনরাবৃত্তি যাতে না হয়, সেইজন্য এই ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত করে চার্জশিট তৈরি করার বিষয়ে উপযুক্ত পদক্ষেপ গ্রহণের দাবী জানানো হয়েছে । এই স্মারকপত্রের প্রতিলিপি জেলার সিনিয়র পুলিশ সুপারের কাছেও জমা দেওয়া হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

শিলচর নিরাময় স্কুল অব যোগ এডুকেশনের মূখ্য সংযোজক রাহুল চক্রবর্তী ও সঞ্চালক শতাক্ষী ভট্টাচার্য্য সম্প্রতি নতুন দিল্লীতে যোগ শিক্ষা বিষয়ক প্রসঙ্গ নিয়ে আয়ুষ মন্ত্রকের সচিব বৈদ্য রাজেশ কোটেচার সঙ্গে সাক্ষাৎ করে যোগ ও আয়ুর্বের্দ নিয়ে আলোচনা করেছেন । উল্লেখ্য রাহুল চক্রবর্তী ও শতাক্ষী ভট্টাচার্য্য এবছরের স্বাধীনতা দিবসে নতুন দিল্লীর লালকেল্লার মূল অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি পৌরসভার কার্য্যবাহী আধিকারীক এক বিজ্ঞপ্তীতে শ্রীভূমি শহরের দূর্গা পূজা কমিটির কর্মকর্তাদের জানিয়েছেন যে বিগত বছরের ন্যায় এবছরও রাজ্য সরকার থেকে

দূর্গা পূজা কমিটিগুলিকে আর্থিক সহায়তা প্রদান করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে । এর পরিপ্রেক্ষিতে শ্রীভূমি শহরে কমপক্ষে তিন বছর দূর্গা পূজা সম্পন্ন করা পূজা কমিটির কর্মকর্তাদের আগামী ২৬শে আগষ্টের মধ্যে পূজা কমিটির নামে থাকা ব্যাঙ্ক একাউন্ট নম্বর শ্রীভূমি পৌরসভা কার্য্যলয়ে জমা দেবার আহ্বান জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

জেলা ক্রীড়া সংস্থা লক্ষীপুরের উদ্যোগে আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা প্রাইজমানী স্মৃতি ফুটবল প্রতিযোগীতার ফাইনাল খেলায় রাইজিং ক্লাব বিজয়ী হয়েছে । আজ পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার ফাইনাল খেলায় রাইজিং ক্লাব ৮-৬ গোলে এভারেষ্ট ক্লাবকে পরাজিত করে । প্রতিযোগীতার সেরা খেলোয়াড় হিসেবে রাইজিং ক্লাবের লালরেমকাং মার এবং আজকের ফাইনাল খেলার সেরা খেলোয়াড়ের হিসেবে লেটমিনলুন সিংসোনকে পুরস্কৃত করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

ধলাই-র মাতৃভূমি স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার কোয়াটার ফাইনালে উঠল লোকনাথপুর ইয়ংস্টার এফ সি দল । বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজকের খেলায় লোকনাথপুর ইয়ংস্টার এফ সি ৪-১ গোলে ভি এস এম জয়নগর দলকে পরাজিত করে । প্রতিযোগীতায় আগামীকাল দ্বিতীয় রাউন্ডের খেলায় দর্মিখাল এফ সি এবং লোকনাথপুর এফ সি পরস্পরের মূখোমূখি হবে ।

---------------------------------------------------------------------------------